## আমি কি ভাবে টিবি'র বিষয়ে আরো তথ্যসমূহ পেতে পারি?

যদি আপনি আরো তথ্যসমূহ চান তাহলে আপনি নিম্নলিখিতের সাথে যোগাযোগ করতে পারেন:

### আপনার ডাক্তার বা নার্স

(বিনামূল্যে অনুবাদিত তথ্যসমূহ এবং দোভাষীর পরিষেবা পাওয়া যায়।)

### পাবলিক হেল্থ ইংল্যান্ড – সুপ্ত টিবি'র পরীক্ষা এবং চিকিৎসা

https://www.gov.uk/tuberculosis-screening#latent-tb-infection-ltbi

### টিবি সংক্রান্ত সত্যের ওয়েবসাইট

http://www.thetruthabouttb.org/what-is-tb/latent-tb/

### এনএইচএস চয়েসেস (NHS Choices)

http://www.nhs.uk/conditions/tuberculosis/pages/introduction.aspx

Public Health England
133-155 Waterloo Road
Wellington House
London SE1 8UG
টেলিফোন: 020 7654 8000
www.gov.uk/phe
টুইটার: @PHE_uk
ফেসবুক: www.facebook.com/PublicHealthEngland

© Crown copyright 2015
ওপেন গভর্নমেন্ট লাইসেন্স (Open Government Licence) সংস্করণ 3.0'এর শর্ত অনুযায়ী আপনি বিনামূল্যে যেকোন ফরম্যাট বা মাধ্যমে এই তথ্যসমূহ পুনঃব্যবহার করতে পারেন (লোগো বাদ দিয়ে)। এই লাইসেন্সটি দেখার জন্য, ওজিএল দেখুন বা এই ঠিকানায় ইমেল পাঠান psi@nationalarchives.gsi.gov.uk যেখানে আমরা তৃতীয় পক্ষের কপিরাইট তথ্যসমূহ চিহ্নিত করেছি সেখানে আপনাকে সম্পর্কিত কপিরাইট ধারকদের কাছ থেকে অনুমতি নিতে হবে।

অক্টোবর 2015 তে প্রকাশিত
PHE publications gateway number: 2015175

images © Shutterstock

Corporate member of Plain English Campaign
Committed to clearer communication
339

Public Health England

NHS England

# সুপ্ত টিবি পরীক্ষা এবং চিকিৎসা: রোগীদের জন্য তথ্যসমূহ

Bengali - বাংলা

## আমাকে কেন সুপ্ত যক্ষ্মারোগের (টিবি) পরীক্ষা প্রদান করা হয়েছে?

আপনাকে একটি বিনামূল্য টিবি পরীক্ষা করার সুপারিশ দেয়া হয়েছে কেননা আপনি একটি এমন দেশ থেকে যুক্তরাজ্যে (ইউ. কে) এসেছেন যেখানে টিবি সাধারণত হয়ে থাকে। এই পরীক্ষাতে খুবই তাড়াতাড়ি একটি রক্ত পরীক্ষা করা হবে এবং কয়েকটা প্রশ্ন জিজ্ঞাসা করা হবে।

## যক্ষ্মারোগ কী?

টিবি একটি এমন ধরনের রোগ যেটা বায়ুবাহিত ব্যাকটেরিয়ার (জীবাণু) কারণে দেখা দেয়। টিবি'র ব্যাকটেরিয়া আপনার শরীরে ঘুমিয়ে থাকতে পারে, প্রায়ই অনেক বছর ধরে এবং তার কারণে আপনার কোন ধরনের অসুস্থতাও দেখা দেয় না। এটাকে সুপ্ত টিবি বলা হয়।

কখনও কখনও এই সুপ্ত টিবি'র ব্যাকটেরিয়া 'জেগে উঠতে' পারে এবং তার কারণে আপনি অসুস্থ হয়ে পড়তে পারেন। এটাকে যক্ষ্মারোগ (সক্রিয় টিবি) বলা হয় এবং যখন আপনি মানুষদের টিবি'র বিষয়ে কথা বলতে শোনেন তখন তারা এই পরিস্থিতির বিষয়ে কথা বলছেন। যক্ষ্মারোগের লক্ষণগুলোর বিষয়ে জানা গুরুত্বপূর্ণ – কাশি, জ্বর, ক্ষুধামান্দ্য, রাতের বেলায় ঘাম দেয়া, ওজন কমে যাওয়া এবং ক্লান্তি বোধ করা – এবং ডাক্তারের কাছে যাওয়া যদি আপনার মধ্যে উক্ত কোন লক্ষণ দেখা দেয় কেননা আপনার হয়তো যক্ষ্মারোগ হতে পারে।

## আমাকে কেন সুপ্ত টিবি'র জন্য পরীক্ষা করতে হবে?

যদি আপনার শরীরে সুপ্ত টিবি'র ব্যাকটেরিয়া থেকে থাকে তাহলে দশের মধ্যে এক সম্ভাবনা রয়েছে যে ভবিষ্যতে এই ব্যাকটেরিয়া জেগে উঠতে পারে এবং আপনি অসুস্থ হয়ে পড়তে পারেন। যদিও সাধারণত চিকিৎসার মাধ্যমে যক্ষ্মারোগকে সারিয়ে দেয়া যেতে পারে তবুও অসুস্থ না হয়ে পড়াটাই অনেক ভালো হবে।

সৌভাগ্যক্রমে, সুপ্ত টিবি'র ও চিকিৎসা করা যেতে পারে। এটা আপনাকে অসুস্থ হয়ে পড়া থেকে সুরক্ষা দিয়ে আপনার নিজের স্বাস্থ্য রক্ষা করবে এবং আপনার পরিবার এবং বন্ধুদেরকে টিবি'র ব্যাকটেরিয়ার সংক্রমণ থেকে বাঁচিয়ে রাখবে।

## আমার কেন টিবি হওয়ার ঝুঁকি রয়েছে?

আপনার বেশি ঝুঁকি রয়েছে যদি আপনি কোন এমন দেশে থেকেছেন যেখানে টিবি রোগটা খুবই সাধারণত হয়ে থাকে। আপনি হয়তো ইউকে আসার আগে সুপ্ত টিবিতে আক্রান্ত হয়েছেন।

## যদি আমার রক্ত পরীক্ষা পজিটিভ হয় তাহলে কী হবে?

যদি আপনার রক্ত পরীক্ষা দেখায় যে আপনার সুপ্ত টিভি রয়েছে তাহলে আপনার ডাক্তার বা নার্স আপনাকে অ্যান্টিবায়োটিক চিকিৎসা প্রদান করবেন। এই চিকিৎসাটি তিন বা ছয় মাস চলতে পারে। আপনার ডাক্তার আপনাকে আপনার দেখাশোনা (কেয়ার) এবং আপনার চিকিৎসা পূরণ করার গুরুত্বের বিষয়ে বুঝিয়ে দেবেন। যেমন সব ধরনের ওষুধের ক্ষেত্রে হয় ঠিক তেমন এতেও কিছু পার্শ্ব প্রতিক্রিয়ার অল্প ঝুঁকি রয়েছে যেগুলোকে সামলাতে আপনার ডাক্তার বা নার্স সাহায্য করতে পারেন।

## এরপর আমার কী করা উচিত?

অনুগ্রহ করে নিশ্চিত করুন যে আপনি সুপ্ত টিবি পরীক্ষার জন্য আপনার জিপি'র নিকট যান। যদি আপনার কোন প্রশ্ন থেকে থাকে তাহলে অনুগ্রহ করে সেগুলো আপনার জিপি'র সার্জারিতে জিজ্ঞাসা করুন।

## আমার পরিণামগুলো কে কি শেয়ার করা হবে?

আপনার পরীক্ষা থেকে পাওয়া তথ্যসমূহ আমাদের জানাতে পারে যে আমরা কতটা ভালো ভাবে সেই সকল মানুষদের কাছে পৌঁছাতে পারছি যাদের সুপ্ত টিবি'র ঝুঁকি রয়েছে। এতে আপনার কমিউনিটির সুরক্ষা করতে সাহায্য প্রদান করা হবে। আপনার ডেটাকে পাবলিক হেল্থ ইংল্যান্ড (Public Health England) (পিএইচই) (PHE) দ্বারা চালানো জাতীয় সুপ্ত টিবি কার্যক্রমের সাথে শেয়ার করা হবে এবং নিম্নলিখিত বিষয়সমূহকে বুঝতে এই তথ্যসমূহ সাহায্য প্রদান করবে:

1. আপনার ব্যাকগ্রাউন্ড এবং সুপ্ত টিবি'র ঝুঁকির মধ্যে লিংকগুলো বুঝতে;
2. আপনার রেকর্ডকে জাতীয় যক্ষ্মারোগের অধিসূচনার ডাটাবেসের সাথে মিলিয়ে প্রমাণ করা যে সুপ্ত টিবি'র পরীক্ষা এবং চিকিৎসা সক্রিয় যক্ষ্মারোগকে প্রতিরোধ করে।
3. আপনার পরীক্ষার পরিণামকে আপনার জন্য প্রয়োজনীয় কোন চিকিৎসার পরিণামের সাথে লিংক করা;
4. নিশ্চিত করা যে কেবলমাত্র এক বার সুপ্ত টিবি'র জন্য আপনার পরীক্ষা করা হয়।

যদি আপনি নিজের ব্যক্তিগত তথ্যসমূহ শেয়ার করার জন্য সম্মতি না দেন তাহলে আপনি এর থেকে ও বেরিয়ে আসতে পারেন এবং সেই পরিস্থিতিতে আমরা কেবল সেই প্রাসঙ্গিক ব্যাকগ্রাউন্ড এবং চিকিৎসা সংক্রান্ত পরিণামগুলো শেয়ার করব যা থেকে আপনাকে চেনা না যেতে পারে। এই বিষয়ে আরো তথ্য নিম্নলিখিতে উপলব্ধ রয়েছে www.england.nhs.uk/ourwork/tsd/ig/ig-fair-process/। যদি আপনি কোন ধরনের তথ্যসমূহ শেয়ার করতে না চান বা আপনার আরো বিবরণের প্রয়োজন হয় এবং আপনার কাছে ইন্টারনেট অ্যাক্সেস নেই তাহলে, নিম্নলিখিত ঠিকানায় লিখুন:

Head of Public Accountability,
Public Health England,
Wellington House,
133-155 Waterloo Road,
London
SE1 8UG